গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।

মে ২০২৩ মাসের অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শাহরিয়ার রহমান, উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ।
সভার তারিখ ও সময় : ১৫ মে ২০২৩ সকাল ১২:০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সদস্যগণকে আইন-শৃঙ্খলা বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

গৃহীত সিদ্ধান্ত সংখ্যা	বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়নের হার	মন্তব্য
১৫			

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	<u>এপ্রিল ২০২৩ মাসে রুজুকৃত মামলার তথ্য:</u> এপ্রিল ২০২৩ মাসে হরিরামপুর থানায় রুজুকৃত মামলার সংখ্যা ০৬টি। এর মধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ০১টি, নারী ও শিশু নির্যাতন দমন আইনে ০২টি, পেনাল কোডে ৩টি মামলা হয়েছে। ০৬টি মামলার তদন্তের চার্জশিট আদালতে প্রেরণ করা হয়েছে। মার্চ ২০২৩ মাসে মামলার সংখ্যা ছিল ০৫টি।	ক) আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখায় উপজেলা আইনশৃঙ্খলা কমিটির পক্ষ হতে অফিসার ইনচার্জ হরিরামপুর থানাকে ধন্যবাদ জানানো হয় খ) রুজুকৃত মামলার চার্জশিট দ্রুত আদালতে প্রেরনের জন্য বলা হয়।	অফিসার ইনচার্জ
০২	<u>এপ্রিল ২০২৩ মাসে মোবাইল কোর্টের তথ্য:</u> এপ্রিল/২৩ মাসে মোবাইল কোর্টে মামলার সংখ্যা ১৫টি, জরিমানা আদায় করা হয়েছে ৮২,৯০০/- (বিয়াল্লিশ হাজার নয়শত) টাকা। ০৫/০৪/২০২৩ ইং তারিখে ৩টি আইনের ধারায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। তন্মধ্যে ভোক্ত অধিকার আইন ২০০৯, সড়ক পরিবহন আইন ২০১৮। সড়ক পরিবহন আইনে মামলার সংখ্যা ৩টি, জরিমানা ৩,০০০ (তিন হাজার) টাকা, ভোক্ত অধিকার আইনে মামলার সংখ্যা ০১টি, জড়িমানা ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা, দন্ডবিধিতে ২টি মামলায় ৪০০ টাকা জরিমানা করা হয়েছে। সড়ক পরিবহন আইনে ১৮/০৪/২৩ এ ৯টি মামলা রুজু হয়েছে সেখানে ৯৫০০ (নয় হাজার পাঁচশত) টাকা জরিমানা করা হয়েছে।	গ) উপজেলার সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	ক)উপজেলা নির্বাহী অফিসার খ)সহকারী কমিশনার (ভূমি)
০৩	<u>ইউনিয়ন আইনশৃঙ্খলা সভা</u>: প্রতিটি ইউনিয়নে, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সভাপতিত্বে ইউনিয়ন আইনশৃঙ্খলা কমিটির সভা ও অন্যান্য সভা অনুষ্ঠিত হওয়ার নির্দেশনা থাকলেও অদ্যবধি কোন ইউনিয়নে সভা করা হচ্ছে না। ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও জেলা প্রশাসক মানিকগঞ্জ এর স্মারক নং ৪৭৮, তারিখ ২১জুলাই ২০২২ মোতাবেক অত্র কার্যালয় হতে ০৫/০৮/২০২২ ইং তারিখে ৪৮১ নং স্মারকমূলে প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে "সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্য বিবরণী প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। অদ্যবধি কোন অগ্রসর নেই।	ঘ) প্রতিটি ইউনিয়নে আইনশৃঙ্খলা সভা করে, সভার রেজুলেশন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরনের জন্য বলা হয়।	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)

CamScanner

০৪	এপ্রিল/২৩ মাসে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক প্রবেশনপ্রাপ্ত ১৩ জন আসামী প্রবেশন অফিসার হরিরামপুর এর অধিনে আছেন। প্রবেশনপ্রাপ্ত আসামীদের নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। এর মধ্যে ০৩ (তিন) জন প্রবেশনারের চূড়ান্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। পরবর্তী ধার্য্য তারিখে তারা বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক (সংশ্লিষ্ট মামলায় বর্ণিত অভিযোগ নিস্পত্তি হিসেবে গণ্য করে) সাজা হতে রেহাই হতে পারেন। গতমাস পর্যন্ত মানিকগঞ্জ জেলা কারাগারে অত্র উপজেলার ০১ (এক) জন শিশু/কিশোর আটক ছিল। তাকে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কিশোর উন্নয়ন কেন্দ্রে প্রেরণ করা হয়েছে।	ঙ)প্রবেশনপ্রাপ্ত আসামীদের তত্ত্বাবধানে রেখে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য বলা হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
০৫	ঝিটকা ও গোপীনাথপুরে কিশোর গ্যাংদের প্রবণতা লক্ষ করা যাচ্ছে। ঝিটকা গার্লস স্কুল হতে ঝিটকা খাজা রহমত আলী ডিগ্রি কলেজ রোডে কিশোর গ্যাংদের আড্ডা থাকে। এখানে অভিযান পরিচালনা করা হলে কিশোর গ্যাংদের আটক করা যাবে।	চ) ঝিটকা ও গোপীনাথপুরে কিশোর গ্যাং, দস্যুতা, চুরি ও মাটির টপ সয়েল কাটা বন্ধ ও অন্যান্য অপরাধমূলক কার্যক্রম প্রতিরোধে পুলিশ টহল বৃদ্ধিসহ নিয়মিতভাবে অভিযান পরিচালনা অব্যাহত রাখা হবে।	ক)উপজেলা নির্বাহী অফিসার খ)সহকারী কমিশনার (ভূমি) গ)অফিসার ইনচার্জ
০৬	ঝিটকা গার্লস স্কুল ও ঝিটকা রহমত আলী ডিগ্রি কলেজে ইভটিজিং এর প্রবণতা দেখা যাচ্ছে। স্কুল কলেজের শিক্ষার্থীরা ক্লাস ফাঁকি দিয়ে কাঞ্চনপুর কালিতলায় ঘোরাফেরা করে।	ছ)প্রতিটি স্কুলে ক্লাস চলাকালীন সময়ে শিক্ষার্থীদের বাহিরে ঘোরাফেরা বন্ধ করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
০৭	কাঞ্চনপুরে ইউনিয়নে কালিতলায় (মিনি কক্সবাজার) স্কুল চলাকালীন সময়ে ছাত্র ছাত্রী বেড়াতে আসে। কিছু বখাটে লোকজন তাদের বিরক্ত করে।	জ)কাঞ্চনপুরে কালিতলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে টহল পুলিশ বৃদ্ধি করা হবে।	অফিসার ইনচার্জ
০৮	বালিবাহি গাড়ীগুলোর (মাহিন্দ্র, ট্রলি, কাকড়া) গতি অনেক বেশি থাকে। যার কারণে দূর্ঘটনা বেশি ঘটে। এরুপ গাড়ীর সাথে দূর্ঘটনা ঘটলে আহতের চেয়ে নিহত বেশি হয়। বালিবাহি ট্রাকগুলির গতি সীমা বেধে দেওয়া প্রযোজন। ।	ঝ) বালিবাহি গাড়ীগুলোর (মাহিন্দ্র, ট্রলি, কাকড়া) গতি নিয়ন্ত্রণের জন্য বলা হয়।	অফিসার ইনচার্জ
০৯	বাল্লা ইউনিয়নের মাচাইন বাজার, ভিটাপাড়া দাদরখি রাস্তা, ভাদিয়াখোলা-বাস্তা বাজার রাসায় নাওডুবি সংলগ্ন রাস্তায় মাদকের আড্ডা ও লালচানের মাঠে মাদকের আড্ডা ও জুয়া বন্ধকরণ এবং গোপীনাথপুর ইউনিয়নে মাদক বিরোধী অভিযান অব্যহত রাখা প্রয়োজন।	ঞ)বাল্লা ইউনিয়নের মাচাইন বাজার, ভিটাপাড়া দাদরখি রাস্তা, ভাদিয়াখোলা- বাস্তা বাজার রাস্তায় নাওডুবি সংলগ্ন রাস্তায় মাদকের আড্ডা ও লালচানের মাঠে মাদকের আড্ডা ও জুয়া বন্ধকরনের জন্য বলা হয়।	অফিসার ইনচার্জ

CamScanner

	হরিরামপুরে নোটারি পাবলিকের মাধ্যমে বাল্য বিবাহ হতে দেখা যাচ্ছে। নোটারী পাবলিক আইনগত কোন বৈধতা নেই। হরিরামপুরে বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধে প্রতিনিয়ত উঠান বৈঠক ও জনসচেতনতামূলক কার্যক্রম চলমান। কোথাও বাল্য বিবাহ হতে থাকলে সঙ্গে সঙ্গে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করার জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।	ট) নোটারি পাবলিকের বৈধতা সম্পর্কে জনগনকে সচেতন বৃদ্ধির বিষয়ে বলা হয়। ঠ) উঠান বৈঠকে বাল্য বিবাহের কুফল সম্পর্কে জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
১১	হরিরামপুর উপজেলায় ১৩টি ইউনিয়নে কিশোর কিশোরী ক্লাব সপ্তাহে ২দিন গান, সংগীত ও কবিতা আবৃত্তির ক্লাস হয়। ক্লাবগুলি সচল রয়েছে এবং নিয়মিত পরিদর্শন করা হচ্ছে।	ড) গান, সংগীত ও কবিতা আবৃত্তির ক্লাস পরিপূর্ণতার জন্য কিশোর কিশোরী ক্লাবের বিষয়ে দৃষ্টি দিতে হবে	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
১২	হ্যালোবাইক চালকগণ অল্প বয়সের, ড্রাইভার নেই কোন বৈধতা, নেই কোন প্রশিক্ষণ, রাস্তাঘাটে নিয়মবহির্ভূত গাড়ী চালায়। ফলে দূর্ঘটনা ঘটলে ড্রাইভারদের সনাক্ত করা যায় না। হ্যালোবাইকের রেজিস্ট্রেশন করা প্রয়োজন মর্মে বিস্তারিত আলোচনা হয়।	ঢ) হ্যালোবাইকের বৈধতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হয়।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
১৩	পদ্মা নদীতে চায়না দুয়ারী দ্বারা মাছের পোনাসহ মাছ ধরা হচ্ছে। ফলে নদীতে মাছের উৎপাদনে ব্যাপক বিঘ্ন ঘটছে। মাছের উৎপাদন বৃদ্ধি করণে নদীতে চায়না দুয়ারী জাল বন্ধ করতে হবে মর্মে বিস্তারিত আলোচনা হয়।	ণ) পদ্মা নদীসহ আশাপাশে মাছের উৎপাদন বৃদ্ধি করণে চায়না দুয়ারী জাল বন্ধ করতে হবে	উপজেলা মৎস্য কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০৫

মোঃ শাহরিয়ার রহমান
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

স্মারক নং০ ০৫.৩০.৫৬২৮.০০০.০৬.০০২.২৩-৬১৫/১(৩০)   তারিখ: ১৫/০৫/২০২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৬৯ মানিকগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৭। অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা।
০৮। উপজেলা .... কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৯। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, হরিরামপুর।
১০। জনাব ....
১১। অফিস কপি।

১৫/০৫

উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।